



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৩.১১.০০১.১৯৯৬-১৪৯

তারিখঃ ১৩ সেপ্টেম্বর ২০১৭।

বরাবর

জনাব মোঃ আমিরুল হক প্রধান

স্পন্সর ডাইরেক্টর

ডাজি জুট মিলস লিমিটেড

কর্ণফুলী গার্ডেন সিটি, এপার্টমেন্ট-১০৯

১৭/এ, কাকরাইল রোড, ঢাকা।

মোবাইলঃ ০১৭৫৭-৫০০৩৮৬।

বিষয়ঃ কুমিল্লা অঞ্চলের জাংগালীয়া ৮০০০ মেঃ টন ধারণক্ষমতা সম্পন্ন সার গুদাম ও স্থাপনার মাসিক ভাড়া ও ভ্যাট পরিশোধ প্রসংগে।

সূত্রঃ

১. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, কুমিল্লা দপ্তরের স্মারক নং-১০৫৫ তারিখঃ ১২/০৪/২০১৬।
২. অত্র দপ্তর স্মারক নং-৬৯৫ তারিখঃ ২৩/১১/২০১৪, ৩. অত্র দপ্তর স্মারক নং-৩৫৯ তারিখঃ ১৭/০৯/২০১৫।
৪. অত্র দপ্তর স্মারক নং-২৫৮৪ তারিখঃ ২৫/০৪/২০১৬, ৫. অত্র দপ্তর স্মারক নং-২৬৯৩ তারিখঃ ১০/০৫/২০১৬ ও
৬. অত্র দপ্তর স্মারক নং-১০৭২ তারিখঃ ০৯/০১/২০১৬।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র মালিকানাধীন কুমিল্লার জাংগালীয়া ৮০০০ মেঃ টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম ও স্থাপনা নক্বাই এর দশকে সংস্থার সারের কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ার পর কৃষি মন্ত্রণালয়ের নির্দেশে ১৫/১১/১৯৯৬ হতে ২৫ (পঁচিশ) বছরের জন্য আপনার নিকট ভাড়া প্রদান করা হয় এবং চুক্তি সম্পাদিত হয়। বাৎসরিক অগ্রিম ভাড়া প্রদানের বিধান থাকলেও আপনি নিয়মিত ভাড়া প্রদান করছেন না। এতে বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক ভাড়া, ভ্যাট, উৎসকর পরিশোধ না করার জন্য আপত্তি উত্থাপিত হচ্ছে। উক্ত আপত্তি মীমাংসাকল্পে জরুরি ভিত্তিতে ভাড়াটিয়া কর্তৃক সকল বকেয়া ভাড়া, ও ভ্যাট পরিশোধ করা অতীব প্রয়োজন।


২. উল্লেখ্য যে, চুক্তিপত্রের শর্ত নং-৪(d) মোতাবেক চুক্তির ২য় ১০ বছর পর ২০% হারে ভাড়া বর্ধিত করার বিধান রয়েছে। চুক্তিপত্রের শর্ত নং-৫(a) মোতাবেক প্রতি বছরের ২১ নভেম্বর পরবর্তী বছরের ভাড়া অগ্রিম পরিশোধ করতে হবে এবং প্রতিমাসের ভাড়ার সাথে তা সমন্বয় করা হবে। আরও উল্লেখ্য যে, চুক্তির শর্ত নং 6(b) অনুযায়ী বিভিন্ন প্রকার ট্যাক্স ও অন্যান্য সরকারি পাওনাদি পরিশোধ করে তার কপি যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করবেন, কিন্তু তা করা হচ্ছে না। প্রসঙ্গত উল্লেখ্য যে, চুক্তিপত্রের শর্ত নং 6(m) মোতাবেক চুক্তির ০৫ (পাঁচ) বছর পর কোন রকম সমস্যার উদ্ভব হলে গুদাম ও স্থাপনা কর্তৃপক্ষ ফেরত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ধার্যকরণ বিধিমালার ১০/০১/২০১১ এর প্রজ্ঞাপনে স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীর বিষয়ে “শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানসহ ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্বিশেষে বাণিজ্যিকভাবে ব্যবহৃত স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে ভাড়ার সমুদয় অর্থের ৬০ (ষাট) শতাংশ অর্থাৎ ৯% হারে ভ্যাট কর্তনযোগ্য” (গেজেটের কপি সংযুক্ত)।

পূর্ব পৃষ্ঠার পর হতে-

৪. চুক্তিপত্রের শর্ত মোতাবেক, কুমিল্লা অঞ্চলের জাঙ্গালিয়া ৮০০০ মেঃ টন খারণক্ষমতাসম্পন্ন গুদাম ও স্থাপনাদির বকেয়া ভাড়া ও ভ্যাট বাবদ (ভাড়া ৭,২০,০০০+ভ্যাট ১৬,৪৮,৮০০)=মোট ২৩,৬৮,৮০০/- (তেইশ লক্ষ আটষাট হাজার আটশত) টাকা বিএডিসি'র অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে অবিলম্বে সরকারি অর্থ পরিশোধের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় চুক্তির শর্ত ভঙ্গ করার কারণে আপনার সাথে সংস্থার সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত,



(আশুতোষ বারিক)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

সংযুক্তঃ হালনাগাদ ভাড়া ও ভ্যাটের বিল।

অনুলিপিঃ

১. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, কুমিল্লা। ডাজি জুট মিলস লিমিটেড'কে বিষয়টি অবহিতকরণসহ যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. প্রোগ্রামার (আইসিটিসেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
৩. অফিস কপি।